



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক (অ:প্র:প্র:), সওজ এর কার্যালয়
গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট
(বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট)
বাড়ী-৪, রোড-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
ফোনঃ +৮৮-০২-৮৯৩২১৩৫
ইমেইলঃ pdrhd.gdsutp@gmail.com

স্মারক নং-৩৫.আরএইচডি.০০০০.বিআরটি(পিডি).১১.০০৯.২০১৩-৫২

তারিখঃ ২৩ জুন ২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) শীর্ষক প্রকল্পের সওজ অংশের জন্য নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (সাকুল্য বেতন)	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা
১.	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২ (দুই) টি	গ্রেড-১৪ (বেতন স্কেল: ১০,২০০.০০-২৪,৬৮০.০০) সাকুল্য বেতন ১৮,৬০০.০০ টাকা।	<ul style="list-style-type: none">কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি;সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ০৬ মাসের মৌলিক প্রশিক্ষণ;কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। প্রতি ৫টি শ্লোক ১টি শব্দ হিসেবে গণ্য হবে;

শর্তসমূহঃ

- প্রকল্প পরিচালক (অ:প্র:প্র:, চ:দা:), সওজ, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট), বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০ বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০৭/০৭/২০২১ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) বিশেষ কোটা (যদি থাকে) (ড) ইমেইল আইডি ইত্যাদি উল্লেখ থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্র/ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে:
 - ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/ সাময়িক সনদপত্রের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়);
 - ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নাগরিকত্ব সনদপত্রের কপি/ ন্যাশনাল আইডি কার্ডের কপি;
 - সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
 - সকল অভিজ্ঞতা ও প্রশিক্ষণের (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের সত্যায়িত কপি;
 - মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি;
 - মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যাদের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;
 - এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, উপজাতী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি;
 - প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫ x ৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক একটি খাম।
- খামের উপরের ডান পাশে আবেদনকারীর পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র ডাকযোগে আগামী ০৭/০৭/২০২১ ইং তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪. ০৭/০৭/২০২১ ইং তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত সনদ, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে।
৬. প্রার্থীকে কোন পর্যায়ের (লিখিত/ ব্যবহারিক/ মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭. সরকারি/ আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
১০. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১১. আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (১ম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নামসহ সীল থাকতে হবে।
১২. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
১৩. যে কোন ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(এ, এস, এম, ইলিয়াস শাহ)

আইডি নং-০০৫০০৭

প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, চঃদাঃ, সওজ)
জিডিএসইউটিপি (বিআরটি, গাজীপুর- এয়ারপোর্ট)
উত্তরা, ঢাকা-১২৩০।